**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
মতিঝিল,ঢাকা-১০০০
বাংলাদেশ।

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১

তারিখঃ ০৫ ফেব্রুয়ারি ২০২৬ / ২২ মাঘ ১৪৩২

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক এবং ফাইন্যান্স কোম্পানি

প্রিয় মহোদয়,

**কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (CMSME) খাতের পুনঃ অর্থায়ন তহবিল পুনর্গঠন প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এসএমইএসপিডি সার্কুলার নং-০১ তারিখ: ১৭ মার্চ ২০২৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। নতুন উদ্যোক্তাদের অনুকূলে অর্থায়ন বৃদ্ধি করার লক্ষ্যে উক্ত সার্কুলারের ১৪.৩.৩ নং অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলোঃ

"প্রচলিত ব্যাংকিং ব্যবস্থায় গ্রাহক পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৭% এবং শরীয়াহ্ ভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে আদায়কৃত মুনাফার হার শরীয়াহ্ অনুমোদিত বিনিয়োগ নীতিমালার আওতায় নির্ধারণ করতে হবে, তবে তা ৭% এর অধিক হবে না। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে প্রদত্ত পুনঃ অর্থায়নের উপর সুদ/মুনাফার হার হবে ২%।"

৩। আলোচ্য সার্কুলারের ১৪.১, ১৪.২ ও ১৪.৩ নং অনুচ্ছেদে বর্ণিত যথাক্রমে 'কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য শিল্প স্থাপনে পুনঃ অর্থায়ন তহবিল' এর পরিমাণ ২,০০০ (দুই হাজার) কোটি টাকা; 'নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন তহবিল' এর পরিমাণ ৪,৫০০ (চার হাজার পাঁচশত) কোটি টাকা এবং 'নতুন উদ্যোক্তা পুনঃ অর্থায়ন তহবিল' এর পরিমাণ ৫০০ (পাঁচশত) কোটি টাকায় উন্নীত করা হলো।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(নওশাদ মোস্তাফা)
পরিচালক (এসএমইএসপিডি)
ফোনঃ ৯৫৩০৫০২
nawshad.mustafa@bb.org.bd